# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**28-04-2026** **Time: 7.50 PM**

**বিশেষ বিশেষ খবর –**

১) রাজ্যে বিধানসভা নির্বাচনে দ্বিতীয়, তথা শেষ দফায় ৭ জেলার ১৪২-টি আসনে আগামীকাল ভোটগ্রহণ। এজন্য যাবতীয় প্রস্তুতি সম্পূর্ণ।

৩ কোটি ২১ লক্ষের বেশি ভোটদাতা ১ হাজার, ৪৪৮ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারণ করবেন।

ভোটার কার্ড ছাড়াও ১২-টি বিকল্প নথি দেখিয়ে ভোট দেওয়া যাবে বলে নির্বাচন কমিশন জানিয়েছে।

২) রাজ্যপাল আর এন রবি আগামীকাল ভোটদাতাদের বিপুল সংখ্যায় অংশগ্রহণ করার আহ্বান জানিয়েছেন। ভোটারদের অভাব –অভিযোগ নিষ্পত্তিতে রাজভবনে চালু হয়েছে বিশেষ কন্ট্রোল রুম।

৩) নির্বাচন কমিশন নিযুক্ত পুলিশ পর্যবেক্ষক অজয় পাল শর্মার বিরুদ্ধে নির্বাচন আচরণবিধি লঙ্ঘনের অভিযোগে দায়ের মামলায় হস্তক্ষেপ করলো না কলকাতা হাইকোর্ট।

৪) শেষ দফার নির্বাচনের আগে ২ হাজার ৩-শোরও বেশি চিহ্নিত অশান্তিকারিকে গ্রেফতার করা হয়েছে।

৫) যুব ভারতী ক্রীড়াঙ্গণে আজ আই এস এল ফুটবলে ইস্টবেঙ্গল, ওড়িশার এফ সি-র মুখোমুখি হয়েছে।

৬) আগামীকাল কলকাতা, হাওড়া সহ একাধিক জেলায় বৃষ্টির পূর্বাভাষ দেওয়া হয়েছে। বেশকিছু অঞ্চলে জারি হয়েছে কমলা সতর্কতা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে বিধানসভা নির্বাচনে দ্বিতীয়, তথা শেষ দফায় ৭ জেলার ১৪২-টি আসনে আগামীকাল ভোটগ্রহণ। এজন্য যাবতীয় প্রস্তুতি সম্পূর্ণ। সকাল সাতটায় ভোটগ্রহণ শুরু হয়ে চলবে সন্ধে ৬-টা পর্যন্ত। ৩ কোটি ২১ লক্ষ ৭৩ হাজারের বেশি ভোটদাতা ১ হাজার, ৪৪৮ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারণ করবেন। মহিলা প্রার্থী রয়েছেন ২২০ জন। হুগলীর চুচুঁড়া বিধানসভায় সর্বাধিক ২ লক্ষ ৭৫ হাজার ৭১৫ জন ভোটার রয়েছেন।

সবচেয়ে কম ভোটার রয়েছে উত্তর ২৪ পরগণার ভাটপাড়ায়, ১ লক্ষ ১৭ হাজার ১৯৫ জন।

দ্বিতীয় দফায় ভোট কেন্দ্র রয়েছে ৪১ হাজার ১-টি। এর মধ্যে মহিলা পরিচালিত ভোটগ্রহণ কেন্দ্রের সংখ্যা ৮ হাজার ৮৪৫-টি। বিশেষভাবে সক্ষম ব্যক্তিরা ১৩-টি ভোটগ্রহণ কেন্দ্র পরিচালনা করবেন। মোট ৪ হাজার ৩৮৮-টি বুথ অতি সংকটপ্রবণ হিসেবে চিহ্নিত হয়েছে। এই বুথগুলিতে অতিরিক্ত ক্যামেরা বসানোর পাশাপাশি মোতায়েন থাকছে বাড়তি বাহিনী। ভোটার কার্ড না থাকলে ১২-টি বিকল্প নথি দেখিয়ে ভোট দেওয়া যাবে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। এর মধ্যে রয়েছে আধার কার্ড, প্যান কার্ড, ড্রাইভিং লাইসেন্স, পাসপোর্ট, পেনশনের সচিত্র নথি, ব্যাঙ্ক বা পোস্ট অফিসের ছবি সহ পাসবুক ইত্যাদি। অবাধ ও সুষ্ঠু এবং হিংসামুক্ত নির্বাচন সুনিশ্চিত করতে যাবতীয় ব্যবস্থা নিয়েছে নির্বাচন কমিশন।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অভিরূপ)

মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল ফের জানিয়েছেন, কোন রকম হিংসা বা ভোটারদের ভীতি প্রদর্শনের ঘটনা সামনে এলে কড়া ব্যবস্থা নেওয়া হবে।

( বাইট – মনোজ আগরওয়াল)

রাজ্যপাল আর এন রবি আগামীকাল ভোটদাতাদের বিপুল সংখ্যায় অংশগ্রহণ করার আহ্বান জানিয়েছেন। রাজ্যের যুব সম্প্রদায়, মহিলা এবং প্রথমবারের ভোটারদের উৎসাহের সঙ্গে তিনি নিজেদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগের অনুরোধ করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভোটের আগে রাজ্যপাল আর এন রবির উদ্যোগে লোকভবনের তরফে হেল্পলাইন নম্বর চালু হয়েছে। আগামী ১০-ই মে পর্যন্ত নাগরিকরা এই হেল্পলাইনে ভোট গ্রহনের সমস্যা ও নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে নিয়ে অভিযোগ জানাতে পারবেন। সংশ্লিষ্ট কতৃপক্ষের সঙ্গে সমন্বয় রেখে আবেদনগুলি সংবেদনশীলতা ও সর্বোচ্চ গোপনীয়তার সঙ্গে বিবেচনা করা হবে বলে জানানো হয়েছে। হেল্পলাইন নম্বরগুলি হল ০৩৩-২২০০-১০২২ এবং ১০২৩। এছাড়া ইমেইল এও অভিযোগ জানানো যেতে পারে।

ooooooooooooooooooooooooo

এদিকে, সাতটি জেলায় আগামীকাল নির্বাচনের জন্য ভোট কর্মীদের শেষ মূহূর্তের প্রস্তুতি চলছে।

**কলকাতা**র দুই নির্বাচনী জেলায় **১১** আসনে আগামীকাল ভোট নেওয়া হবে। কলকাতা উত্তরে ভোটার সংখ্যা **১০** লক্ষ ৮৪ হাজারের বেশী। বিশেষভাবে সক্ষম ভোটার রয়েছেন ৯৪২ জন।

অন্যদিকে, কলকাতা দক্ষিণে ভোটার রয়েছেন ৬ লক্ষ ৭৯ হাজারের বেশী। এর মধ্যে **৪১১** জন বিশেষভাবে সক্ষম। দ্বিতীয় পর্যায়ে সবথেকে বেশি ২৭৩ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হয়েছে কলকাতায়। এছাড়া থাকছে রাজ্য পুলিশ ও ভীন রাজ্যের পুলিশ বাহিনী।

যাদবপুরে বিধানসভা কেন্দ্রে আজ DCRC ঘুরে দেখেন নির্বাচন কমিশনের নিযুক্ত বিশেষ পর্যবেক্ষক সুব্রত গুপ্ত। বিপুল সংখ্যায় নির্ভয়ে ভোটদানের জন্য সকলের প্রতি আবেদন জানান তিনি।

এদিকে ভোটে কারচুপি বা ভুয়ো ভোটার ধরা পড়লে এবার কঠোর আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন বিশেষ পর্যবেক্ষক।

( বাইট- সুব্রত গুপ্ত )

**উত্তর চব্বিশ পরগনার ৩৩ টি** আসনে ৭১ লক্ষ **১২** হাজারের বেশী ভোটদাতা আগামীকাল তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন। ৮ হাজার ৮৬৯ টি ভোটকেন্দ্রের মধ্যে সহায়ক বুথ রয়েছে **১৯৭** টি । প্রতিটি বিধানসভায় দুটি করে মডেল বুথ রয়েছে । মহিলা পরিচালিত বুথের সংখ্যা- **১** হাজার **১২৬** টি । আবাসন বা বহুতলে **১৪** টি বুথ করা হয়েছে। জেলায় মোট ৫০৬ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হয়েছে।

দক্ষিণ চব্বিশ পরগণার **৩১**টি বিধানসভা কেন্দ্রে ৭৬ লক্ষ এক হাজার ৫০০-র বেশী ভোটার রয়েছেন। বিশেষভাবে সক্ষম ভোটারের সংখ্যা **১৭** হাজার ৪৬৫ । জেলায় **৩১**টি মডেল বুথ ছাড়াও মহিলা পরিচালিত বুথ রয়েছে ২ হাজার ৭৯২টি। বিশেষভাবে সক্ষম ভোটকর্মী পরিচালিত বুথের সংখ্যা **১২**টি।

হাওড়ার ১৬'টি বিধানসভা আসনে ভোটকেন্দ্রের সংখ্যা ৪ হাজার ৫শো ১৮'টি। জেলায় ৩৬ লক্ষ ৮ হাজারের বেশি ভোটার রয়েছে। ২৫৮ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েন রয়েছে।

পূর্ব বর্ধমানে ১৬টি বিধানসভা আসনে ভোটদাতা রয়েছে ৩৭ লক্ষ ৭৫ হাজারের বেশি। জেলায় মডেল বুথের সংখ্যা ৩২-টি। মহিলা পরিচালিত বুথ রয়েছে ৬১১-টি। একটি বুধ বিশেষভাবে সক্ষম ব্যক্তিদের পরিচালিত।

নদিয়া জেলায় ১৭' টি বিধানসভা আসনে ভোট গ্রহণের জন্য মোট বুথ সংখ্যা ৫'হাজার ১৩৬'টি । মহিলা পরিচালিত বুথের সংখ্যা- ১'হাজার ৪০০ । ৩৮ টি মডেল বুথ রয়েছে। জেলায় ভোটার সংখ্যা ৩৯ লক্ষ ৫৪ হাজারের বেশী। ১৪'শর বেশী বুথকে অশান্তিপ্রবণ হিসেবে চিহ্নিত করা হয়েছে। জেলায় ২৮৭ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হয়েছে।

ooooooooooooooooooooooooo

এরাজ্যে নির্বাচন কমিশন নিযুক্ত পুলিশ পর্যবেক্ষক, উত্তরপ্রদেশের IPS আধিকারিক অজয় পাল শর্মার বিরুদ্ধে নির্বাচনী আচরণ বিধি লঙ্ঘন-এর অভিযোগে দায়ের হওয়া মামলায় হস্তক্ষেপ করেনি কলকাতা হাইকোর্ট।

বিচারপতি কৃষ্ণা রাও-এর বেঞ্চ আজ এই সংক্রান্ত মামলার শুনানিতে জানিয়েছে, যারা নির্বাচনের দায়িত্বে রয়েছেন, তাদের কাজে ২৯ এপ্রিল অর্থাৎ আগামীকাল ভোট না মেটা পর্যন্ত হস্তক্ষেপ করা হবেনা।

তবে, প্রধান বিচারপতি জরুরি ভিত্তিতে শুনানি নির্দেশ দিলে সেক্ষেত্রে এই মামলা শোনা হতে পারে।

উল্লেখ্য, অজয় পাল শর্মা, ভোটদাতা ও প্রার্থীকে হুমকি দিচ্ছেন- এই অভিযোগে তার বিরুদ্ধে মামলা দায়ের হয়।

নির্বাচন কমিশনের তৈরী অশান্তি সৃষ্টিকারীদের তালিকায় দক্ষিণ ২৪ পরগণার ফলতার তৃণমূল কংগ্রেস প্রার্থী জাহাঙ্গীর খানের নাম থাকায় অজয় পাল শর্মা আজ ওই এলাকা পরিদর্শনে যান। প্রার্থীর বাড়িতে গিয়ে'ও সতর্ক করে দেন তিনি।

এদিকে, আইপিএস অজয় পাল শর্মার বিরুদ্ধে অতি সক্রিয়তার অভিযোগে নির্বাচন কমিশনের দ্বারস্থ হয়েছে তৃণমূল কংগ্রেস।

ooooooooooooooooooooooooo

এসআইআরে বাদ পড়া ভোটারদের নাম পুনরায় বিবেচনার জন্য গঠিত আপিলেট ট্রাইবুনালে জমা পড়া আবেদনের নিষ্পত্তির পর নতুন তালিকায় জায়গা পেয়েছেন ১ হাজার ৪ শো ৬৮ জন ভোটার। একই সঙ্গে তালিকা থেকে বাদ গিয়েছে ৬ জনের নাম। কমিশনের তরফে জানানো হয়েছে, সদ্য প্রকাশিত এই অতিরিক্ত তালিকায় যাঁদের নাম অন্তর্ভুক্ত হয়েছে, তাঁরা আগামীকাল ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন।

oooooooooooooooooooooooo

আজকের প্রসঙ্গের এবারের বিষয় 'নতুন সরকারের কাছে মানুষের প্রত্যাশা'। রাত পোহালেই দ্বিতীয় দফার নির্বাচন, তার আগে সমাজের বিভিন্ন ক্ষেত্রের মানুষের সঙ্গে কথা বলে অষ্টাদশ বিধানসভা গঠনের পর নতুন সরকারের কাছে তাদের কি প্রত্যাশা জানতে চেষ্টা করেছেন আমাদের প্রতিনিধিরা।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

oooooooooooooooooooooooo

দ্বিতীয় দফার নির্বাচনের জন্য জেলায় জেলায় নিরাপত্তা আরও জোরদার করা হচ্ছে। গতরাতেই ভোটমুখী জেলাগুলি থেকে আরও ৮০৯ জনকে গ্রেফতার করা হয়েছে। এরফলে গ্রেফতারের সংখ্যা ২ হাজার ৩-শো ছাড়াল। এর আগে ৩৬ ঘণ্টায় দেড় হাজারের বেশি দুষ্কৃতীকে গ্রেফতার করা হয়। বিভিন্ন জেলায় কেন্দ্রীয় বাহিনীর টহল, রুটমার্চ ও নাকা চেকিংও জোরদার করা হয়েছে।

oooooooooooooooooooooooo

কলকাতা পুলিশের আওতাধীন ভাঙড়ে আগামীকাল নির্বাচনে আইনশৃঙ্খলা নিয়ন্ত্রনে সব ধরনের ব্যবস্থা নেওয়া হয়েছে বলে পুলিশ কমিশনার অজয় নন্দ জানিয়েছেন। আজ তিনি সরেজমিনে সেখানকার পরিস্থিতি খতিয়ে দেখেন। পরে সাংবাদিকদের তিনি বলেন, কোন রকম অপ্রীতিকর ঘটনা এড়াতে কুইক রেসপন্স টিম ছাড়াও ফ্লাইং স্কোয়াড, এসএসটি কে মোতায়েন করা হয়েছে। এছাড়াও নজরদারির জন্যে রয়েছে বিশেষ নাকা চেকিং। ডিভিশনে ২১ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী নজরদারির দায়িত্বে রয়েছে বলে তিনি জানান।

oooooooooooooooooooooooo

ভোটের আগে আজ এবং আগামীকাল, শহরের বিভিন্ন রাস্তায় যান চলাচল নিয়ন্ত্রণ করছে কলকাতা পুলিশ। এই দুদিন'ই ভোর ৫'টা থেকে রাত ১০টা পর্যন্ত এই নিয়ন্ত্রণ বলবৎ থাকছে। গণনার দিন চৌঠা মে-ও একই ধরনের ব্যবস্থা থাকবে।

বিজ্ঞপ্তি অনুযায়ী, কসবার অ্যাক্রোপলিস মল সংলগ্ন এলাকা ও গীতাঞ্জলি স্টেডিয়ামের পিছনের রাস্তা একমুখী করা হয়েছে। আলিপুর জজ কোর্ট সংলগ্ন পশ্চিমমুখী রাস্তা বন্ধ থাকায়, বিকল্প রুটে ঘুরিয়ে দেওয়া হচ্ছে যানবাহন। হরিশ মুখার্জি রোড, হাজরা রোড-সহ একাধিক গুরুত্বপূর্ণ রাস্তায় সময়ভিত্তিক নিয়ন্ত্রণ চালু রয়েছে।

এছাড়াও, কিছু এলাকায় বাস ও অটো রুট পরিবর্তন করা হয়েছে।

শুধু যান চলাচল নয়, এই তিন দিনে শহরের বহু রাস্তায় পার্কিংয়েও নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। বিশেষ করে গণনাকেন্দ্রগুলির আশেপাশে কোনও গাড়ি পার্ক করতে দেওয়া হবে না।

তবে, আগামীকাল ট্রেন ও মেট্রো পরিষেবা স্বাভাবিক থাকবে।

oooooooooooooooooooooooo

দ্বিতীয় দফা নির্বাচনের মাত্র কয়েক ঘন্টা আগে দক্ষিণ ২৪ পরগণার ফলতার যুগ্ম বিডিও সৌরভ হাজরাকে পুরুলিয়ায় বদলি করা হয়েছে। তাঁর জায়গায় ফলতার দায়িত্বে এসেছেন রম্য ভট্টাচার্য্য।

oooooooooooooooooooooooo

পশ্চিম মেদিনীপুরে খড়্গাপুর আইআইটির মদনমোহন মালব্য হল থেকে এক পড়ুয়ার ঝুলন্ত দেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। উত্তর চব্বিশ পরগনার বারাসতের বাসিন্দা ২২ বছরের সোহম হালদার ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের চতুর্থ বর্ষের ছাত্র। এর আগে গত ১৮ এপ্রিল তৃতীয় বর্ষের ছাত্র জয়বীর সিং ডোডিয়ার রক্তাক্ত দেহ উদ্ধার হয় ক্যাম্পাস থেকে ।

oooooooooooooooooooooooo

দ্বিতীয় তথা চূড়ান্ত দফায় যে জেলাগুলিতে ভোট রয়েছে তার প্রায় সবকটিতেই বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। কলকাতা, হাওড়া, হুগলি, উত্তর ২৪ পরগনা জেলায় রয়েছে কমলা সর্তকতা। তবে বৃষ্টির পূর্বাভাস থাকলেও ঘর্মাক্ত আবহাওয়া থাকবে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা ডক্টর হাবিবুর রহমান বিশ্বাস আকাশবাণীকে জানিয়েছেন।

(বাইট-হাবিবুর)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

যুব ভারতী ক্রীড়াঙ্গনে আজ আইএসএল ফুটবলে ইস্টবেঙ্গল , ওড়িশা এফ সি, র মুখোমুখি হয়েছে। একটু আগে পাওয়া খবরে জানা গেছে East Bengal এক - শূন্য গোলে এগিয়ে আছে।

ইস্টবেঙ্গল ৮ ম্যাচে ১৫ পয়েন্ট নিয়ে লিগ তালিকার ষষ্ঠ স্থানে রয়েছে। ওড়িশার সমসংখ্যক ম্যাচে পয়েন্ট ছয়। ওড়িশা রয়েছে ১৩ তম স্থানে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০